



## চট্টগ্রামে আইনজীবী আলিফ হত্যা মামলায় অভিযোগপত্র গ্রহণ, ১৮ আসামির গ্রেফতারি পরোয়ানা



সংগৃহীত ছবি

চট্টগ্রামে আইনজীবী সাইফুল ইসলাম আলিফ হত্যা মামলার অভিযোগপত্র গ্রহণ করেছে আদালত। পলাতক ১৮ আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। মামলার বাদির আবেদনের পর সুকান্ত নামের এক আসামিকেও অন্তর্ভুক্ত করে মোট ৩৯ জনের বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হয়েছে।

চট্টগ্রামে আইনজীবী সাইফুল ইসলাম আলিফ হত্যা মামলায় পুলিশের দেওয়া অভিযোগপত্র গ্রহণ করেছেন আদালত। একই সঙ্গে পলাতক ১৮ আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। সোমবার (২৫ আগস্ট) চট্টগ্রাম মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এস এম আলাউদ্দিন মাহমুদ শুনানি শেষে এ আদেশ দেন।

গত বছরের ১ জুলাই নগর পুলিশের সহকারী কমিশনার ও মামলার তদন্ত কর্মকর্তা মাহফুজুর রহমান ৩৮ জনকে আসামি করে অভিযোগপত্র জমা দেন। এ তালিকায় সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় দাসও ছিলেন। তবে তদন্তে সুকান্ত নামের একজন আসামিকে বাদ দেওয়ায় রাষ্ট্রপক্ষ আপত্তি জানায়। এর পরিপ্রেক্ষিতে মামলার বাদি সুকান্তকে পুনরায় অন্তর্ভুক্ত করার আবেদন করেন। আদালত শুনানি শেষে আবেদন মঞ্জুর করে ৩৯ আসামির বিরুদ্ধে অভিযোগপত্র গ্রহণ করেন।

এর আগে চলতি বছরের ৫ মে পুলিশের আবেদনের ভিত্তিতে চিন্ময় দাসকে আইনজীবী আলিফ হত্যা মামলায় গ্রেফতার দেখানো হয়।